ইউএনও কার্যালয়, টঙ্গীবাড়ী
তারিখ ৯/৪/২০২৫ স্মারক নং............
উপজেলা PIO কর্মকর্তা
অতি জরুরী / জরুরী/যথাশীঘ্র / পেশ করুন/ব্যবস্থা নিন / প্রতিবেদন দিন / আলাপ করুন / নথিতে রাখুন / নোটিশ বোর্ড
অফিস সুপার/ সিএ কাম ইউডিএ/ সাট-মুদ্রাক্ষরিক/ অফিস সহকারি/ সার্টিফিকেট সহকারি/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা
www.munshiganj.gov.bd
----

তারিখ: ২৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.০০০.০০০.৪২.০০১২.২৫.৪৫

বিষয়: গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা ভিত্তিক (১ম ও ২য় পর্যায়) বরাদ্দের বিপরীতে টংগিবাড়ী উপজেলায় গৃহীত প্রকল্পের অনুকূলে খাদ্যশস্য চাল উপবরাদ্দ প্রদান

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পত্র নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০১.২৫.৩২, তারিখ : ১৭/০২/২০২৫
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, টংগিবাড়ী এর পত্র নং-৫১.০১.৫৯৯৪.০০০.০৪.০০১.২৫.৫৯, তারিখ: ০২/০৩/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ০১ নং পত্রে ২০২৪-২০২৫ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা ভিত্তিক (১ম ও ২য় পর্যায়) টংগিবাড়ী উপজেলার অনুকূলে **৭৫.৬২০৭ (পঁচাত্তর দশমিক ছয় দুই শূন্য সাত) মে.টন চাল** বরাদ্দ পাওয়া যায়। সূত্রোক্ত ০২ নং পত্রে প্রাপ্ত উল্লিখিত উপজেলার প্রকল্প সমূহ জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে নিম্নলিখিত শর্ত মোতাবেক বর্ণিত পরিমাণ খাদ্যশস্য চাল নিম্নোক্তভাবে উপবরাদ্দ প্রদান করা হলো।

| ক্র: নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | সোনারং টংগিবাড়ী | ৬ | টংগিবাড়ী উপজেলা ভূমি অফিসের পার্শ্বে মাটি ভরাট। | ৪.০০০ মে.টন |
| ০২ | আউটশাহী | ১ | খানকায়ে আল-কাদেরিয়া নুরানী হাকিমিয়া দরবার শরীফের মাঠ ভরাট। | ৯.০০০ মে.টন |
| ০৩ | আউটশাহী | ৩ | আউটশাহী রাধানাথ উচ্চ বিদ্যালয়ের মাঠ ভরাট। | ৭.০০০ মে.টন |
| ০৪ | বালিগাঁও | ৬ | নয়াগাঁও লিটন মোল্লার বাড়ী হতে গৌতমের বাড়ী রাস্তা সংস্কারসহ ইটের সলিং করণ। | ৬.০০০ মে.টন |
| ০৫ | বালিগাঁও | ৪ | বালিগাঁও আমজাদ আলী কলেজের মাঠ ভরাট। | ৬.০০০ মে.টন |
| ০৬ | পাঁচগাও | ৩ | চাঠাতিপাড়া উচ্চ বিদ্যালয়ের মাঠ ভরাট। | ৬.০০০ মে.টন |
| ০৭ | কাঠাদিয়া শিমুলিয়া | ৯ | ধামারন ৯ নং ওয়ার্ডের শফি সিকদারের বাড়ী হতে পশ্চিম শিকদার বাড়ী জামে মসজিদ পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন। | ৮.০০০ মে.টন |
| ০৮ | হাসাইল বানারী | ৬ | বিদগাঁও ৬নং ওয়ার্ডের সিরাজ মাদবরের বাড়ী হতে ইউনুস বেপারীর বাড়ী পর্যন্ত রাস্তা পুন: নির্মাণ। | ২৩.৬২০৭ মে.টন |
| ০৯ | আড়িয়ল | ৫ | নিতিরা ফজুশাহ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ ভরাট। | ৬.০০০ মে.টন |
| | | | **মোট=** | **৭৫.৬২০৭ ( পঁচাত্তর দশমিক ছয় দুই শূন্য সাত) মে.টন চাল** |

**শর্তাবলী:**

১। ২০২৪-২০২৫ অর্থবছরে ১ম ও ২য় কিস্তির খাদ্যশস্য (চাল) বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন আগামী ৩০/০৪/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

২। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ ও বরাদ্দ পত্রের শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩। এ ব্যয় বাজেট কোড ১৪৯০১০১- ২১১০০০২০৩- ৩৭২২১০১ (চাল) খাত হতে নির্বাহ করা হবে।

৪। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলকভাবে করতে হবে। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে ও ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করে রাখতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।